

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ মূল্য সংযোজন কর ]  
বিশেষ আদেশ

তারিখ: ১৪ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ/ ২৭ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : H. S heading নং 57.02 এর আওতাভুক্ত Coir Felt এর স্থানীয় উৎপাদন পর্যায়ে  
বিদ্যমান মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি।

নং ০৩/মূসক/২০১৬—যেহেতু, অপ্রচলিত কৃষিপণ্য Coir (নারিকেলের ছোবড়ার আঁশ)  
ব্যবহার করিয়া বিভিন্ন ধরনের Coir Mattress, Coir Tape, Coir Felt প্রভৃতি পণ্য স্থানীয়ভাবে  
প্রস্তুত করা হয়; এবং

যেহেতু, নারিকেলের ছোবড়া হইতে প্রস্তুতকৃত উল্লিখিত পণ্যসমূহ মূল্য সংযোজন কর আইন,  
১৯৯১ এর প্রথম তফসিলভুক্ত কোন পণ্য বা মূসক অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপনের অন্তর্ভুক্ত কোন পণ্য  
না হওয়ায় মূসকযোগ্য পণ্য হিসেবে বিবেচিত হয়;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন)  
এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, হেডিং নং 57.02 এর বিপরীতে সংশ্লিষ্ট  
H. S Code এর আওতাভুক্ত নারিকেলের ছোবড়া হইতে প্রস্তুতকৃত পণ্যের স্থানীয় উৎপাদন পর্যায়ে  
প্রযোজ্য সমুদয় মূল্য সংযোজন কর আগামী ১৭ নভেম্বর, ২০১৬ খ্রিঃ পর্যন্ত মেয়াদের জন্য নিম্নবর্ণিত  
শর্তে সাময়িক অব্যাহতি প্রদান করিল, যথা :—

(ক) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা  
১৫ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৯ এর আলোকে মূসক  
নিবন্ধনপত্র গ্রহণ করিতে হইবে;

( ১২৬৫ )

মূল্য : টাকা ৪.০০

- (খ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর আইনের ধারা ৩১, ৩২ ও ৩৫ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা পরিপালন করিতে হইবে; এবং
- (গ) উল্লিখিত (ক) ও (খ) এর আনুষ্ঠানিকতা পরিপালিত না হইলে এই অব্যাহতি সুবিধা স্বয়ংক্রিয়ভাবে অকার্যকর বলিয়া গণ্য হইবে এবং আইনের সংশ্লিষ্ট ধারা অনুসারে দণ্ডনীয় হইবে।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং উহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

চেয়ারম্যান।